# ইসলামি আরবি বিশ্ববিদ্যালয়

## মাদরাসা পরিদর্শন দফতর

বছিলা, মোহাম্মদপুর, ঢাকা-১২৩১।

www.iau.edu.bd iauins13@gmail.com


স্মারক নং- ইআবি/পরি/অধি-নবা/বরি-১৫৫/২০২৬/ ১৫৭৪৯ তারিখ: ২১ আষাঢ় - ১৪৩৩ / ০৫ জুলাই ২০২৬

### অফিস আদেশ

পশ্চিম নওমালা নেছারিয়া ফাজিল মাদরাসা, ডাকঘর: নগরের হাট, উপজেলা: বাউফল, জেলা: পটুয়াখালী-এর ফাজিল স্নাতক (পাস) বিএ স্তরের অধিভুক্তি নবায়নের বিষয়ে অধ্যক্ষ মহোদয়ের ০৫-০২-২০২৬ তারিখের দাখিলকৃত আবেদন ও ইসলামি আরবি বিশ্ববিদ্যালয়ের অধিভুক্তি নবায়ন সংক্রান্ত তৃতীয় সংবিধি ২০২৩ অনুযায়ী গঠিত ০১ (এক) সদস্য বিশিষ্ট পরিদর্শন টিমের দাখিলকৃত প্রতিবেদনের পরিপ্রেক্ষিতে মাদরাসাটির ফাজিল স্নাতক (পাস) বিএ স্তর নিম্নবর্ণিত শর্তে ২৭-১০-২০২৫ থেকে ২৬-১০-২০২৯ তারিখ পর্যন্ত ০৪ (চার) বছরের জন্য অধিভুক্তি নবায়ন প্রদান করা হলো:

শর্তসমূহ :

১. প্রতিষ্ঠানের অবকাঠামোর উন্নয়নের পাশাপাশি শিক্ষা উপকরণসহ সকল শিক্ষককে পাঠদানে আরও মনোযোগী হতে হবে এবং শিক্ষার মানোন্নয়নের লক্ষ্যে প্রতি তিনমাস পরপর অভিভাবক সমাবেশ করতে হবে;

২. জরুরিভিত্তিতে মাদরাসার গ্রন্থাগারটি সম্প্রসারণসহ গ্রন্থাগারটিতে বইয়ের সংখ্যা বৃদ্ধি করতে হবে এবং বই পড়ায় শিক্ষক ও শিক্ষার্থীদের উৎসাহিত করতে হবে;

৩. শিক্ষার্থীদের মেধা বিকাশের জন্য "ডিবেইট ক্লাব, ক্রিয়েটিং রাইটিং ক্লাব, আর্ট অ্যান্ড ফটোগ্রাফি ক্লাব চালু করতে হবে এবং সকল শিক্ষকদের জন্য পৃথক ড্রয়ারের ব্যবস্থাকরণের পাশাপাশি মাদরাসার শিক্ষক, শিক্ষার্থী ও স্টাফদের জন্য আলাদা আলাদা ওয়াশরুমের ব্যবস্থা করতে হবে;

৪. আর্থিক সকল কার্যক্রম ফাইল নোটের মাধ্যমে করত: প্রতিষ্ঠানের সকল আয়-ব্যয় অডিট কমিটি কর্তৃক নিরীক্ষা শেষে যথাসময়ে গভর্নিং বডির অনুমোদন নিতে হবে;

৫. শিক্ষক, শিক্ষার্থীদের ও স্টাফদের জন্য খাবার পানির ব্যবস্থা করার পাশাপাশি মেয়ে শিক্ষার্থীর জন্য আলাদা ওয়াশরুম, কমনরুম ও নামাজের স্থান নিধারণ করতে হবে;

৬. যুগোপযোগী পাঠদানের লক্ষ্যে শিক্ষকদেরকে বিশেষ প্রশিক্ষণ প্রদানের ব্যবস্থা করার পাশাপাশি মাদরাসার সাইনবোর্ড ও প্যাডে "ইসলামি আরবি বিশ্ববিদ্যালয় অধিভুক্ত" কথাটি লিখতে হবে এবং শিক্ষার্থীদের তথ্য ও প্রযুক্তি শিক্ষার প্রতি উৎসাহিত করতে হবে;

৭. মাদরাসার ছাত্র-শিক্ষক মিলনায়তন/অডিটোরিয়ামকে আরও সুসজ্জিত করত: কম্পিউটার ল্যাব স্থাপন, ডিজিটাল হাজিরা, শিক্ষার্থীদের আইডি কার্ডসহ ড্রেস কোডের ব্যবস্থা করতে হবে;

৮. গভর্নিং বডি কর্তৃক একাডেমিক কমিটি, ক্রয় কমিটি, অভ্যন্তরীণ অডিট কমিটি, সাংস্কৃতিক কমিটি গঠন করতে হবে এবং ছুটির রেজিস্টার খাতা রক্ষণাবেক্ষণসহ শিক্ষক ও কর্মচারীগণের ছুটির আবেদনপত্র ও ব্যক্তিগত ফাইল যথাযথভাবে সংরক্ষণ করতে হবে;

৯. ক্লাসে শিক্ষার্থীদের মূল কিতাব পড়ানোর পাশাপাশি ফাজিল ক্লাসের মান বৃদ্ধিসহ সকল স্তরে শিক্ষার্থীর সংখ্যা বৃদ্ধি ও প্রয়োজনীয় সংখ্যক আসবাবপত্রের ব্যবস্থা গ্রহণ করতে হবে;

১০. অধিভুক্তি নবায়নের মেয়াদ উত্তীর্ণ হওয়ার কমপক্ষে ০৮ (আট) মাস পূর্বে পুনঃনবায়নের জন্য আবেদন করতে হবে;

মাননীয় ভাইস চ্যান্সেলরের অনুমোদনক্রমে

5/7/26

(প্রফেসর ড. মুহাম্মদ গোলাম রব্বানী)
মাদরাসা পরিদর্শক
ইসলামি আরবি বিশ্ববিদ্যালয়

অধ্যক্ষ, পশ্চিম নওমালা নেছারিয়া ফাজিল মাদরাসা
ডাকঘর: নগরের হাট, উপজেলা: বাউফল, জেলা: পটুয়াখালী।

স্মারক নং- ইআবি/পরি/অধি-নবা/বরি-১৫৫/২০২৬/ ১৫৭৪৯ (০৭) তারিখ: ২১ আষাঢ় - ১৪৩৩ / ০৫ জুলাই ২০২৬

সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে অনুলিপি প্রেরিত হলো :

১. মহাপরিচালক, মাদরাসা শিক্ষা অধিদপ্তর, গাইড হাউস (৭ম এবং ১০ম তলা), নিউ বেইলি রোড, রমনা, ঢাকা-১০০০।
২. চেয়ারম্যান, বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড, বকশীবাজার, ঢাকা-১২১১।
৩. রেজিস্ট্রার, ইসলামি আরবি বিশ্ববিদ্যালয় (অধিভুক্তি কমিটি ও একাডেমিক কাউন্সিল সভায় রিপোর্ট করার জন্য)।
৪. ভাইস চ্যান্সেলর মহোদয়ের একান্ত সচিব (দায়িত্বপ্রাপ্ত), ইসলামি আরবি বিশ্ববিদ্যালয় (ভাইস চ্যান্সেলর মহোদয়ের সদয় অবগতির জন্য)।
৫. আইসিটি বিভাগ, ইসলামি আরবি বিশ্ববিদ্যালয়, ঢাকা (ওয়েবসাইটে প্রকাশের জন্য)।
৬. সভাপতি, পশ্চিম নওমালা নেছারিয়া ফাজিল মাদরাসা, ডাকঘর: নগরের হাট, উপজেলা: বাউফল, জেলা: পটুয়াখালী।
৭. অফিস নথি।

05.07.2026

(আরিফ আহমদ)
সহকারী মাদরাসা পরিদর্শক
মোবাইল: ০১৭১৯৯৫০৭৭৫